

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নং-৫১.০২১.০১৮.০০.০০.০০৭.২০১০-৩৫৬

তারিখঃ ১২-০৮-২০১৫ খ্রিঃ

প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১৬, আবদুল গনি রোড, ঢাকা।

বিষয়ঃ জনাব আব্দুল করিম খান, প্রাক্তন সহকারী পরিচালক (অবঃ)-এর অনুকূলে এককালীন আনুতোষিক ও মাসিক অবসরভাতা মঞ্জুরী

জনাব,

উপর্যুক্ত বিষয়ে আমি আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রাক্তন সহকারী পরিচালক জনাব আব্দুল করিম খান গত ২৮-০৮-২০১০ খ্রিঃ তারিখে সরকারী চাকরি হতে অবসর গ্রহণ করেন। তার এককালীন আনুতোষিক ও মাসিক অবসরভাতা নির্ধারিত পেনশন ফরমে (ফরম-২.১) যথাযথ কর্তৃপক্ষ অনুমোদন করেছে।

২। জনাব আব্দুল করিম খান-এর মূলবেতন ১৬,৫৯০/- টাকা। উক্ত টাকার ৮০% হিসেবে অবসর ভাতা ১৩,২৭২/- টাকা। উহার ১ম অর্ধাংশের ৬,৬৩৬/- টাকার প্রতি টাকার বিপরীতে ২০০/- (দুইশত) টাকা হারে (৬,৬৩৬ x ২০০) = ১৩,২৭,২০০/- টাকা এককালীন আনুতোষিক হিসেবে এবং ২য় অর্ধাংশ ৬,৬৩৬/- টাকা মাসিক অবসরভাতা হিসেবে প্রাপ্য। তবে, প্রশাসনিক ট্রাইব্যুনালের মামলা নং-৪৮/২০০৬ এবং ৪৯/২০০৬ এর রায়ে বিবুদ্ধে আপীল দায়েরি বিলম্বের ক্ষেত্রে দায়িত্বে অবহেলার কারণে তার আনুতোষিক হতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা কর্তনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৩। এমতাবস্থায়, তিনি এককালীন আনুতোষিক বাবদ (১৩,২৭,২০০-১,০০,০০০)=১২,২৭,২০০/- (বার লক্ষ সাতাশ হাজার দুইশত) টাকা এবং মাসিক অবসরভাতা হিসেবে ৬,৬৩৬/- (ছয় হাজার ছয়শত ছত্রিশ) টাকা প্রাপ্য।

৪। তার অনুকূলে মঞ্জুরকৃত উক্ত অর্থ বিধি মোতাবেক পরিশোধ আদেশ (পিপিও) জারী করার জন্য নিম্নের কাগজপত্র এতৎসঙ্গে প্রেরণ করা হলঃ

১	পেনশন ফরম ২.১ (ছবিসহ)	০১ (এক) সেট
২	চাকরি বিবরণী	০১ (এক) সেট
৩	ইএলপিসি (সংযোজনী-১)	০১ (এক) পাতা
৪	পিআরএল-এর প্রজ্ঞাপন	০১ (এক) পাতা
৫	না-দাবী প্রত্যয়নপত্র (সংযোজনী-৮)	০১ (এক) পাতা
৬	নমুনা স্বাক্ষর ও পঁচ আংগুলের ছাপ (সংযোজনী-৬)	০১ (এক) পাতা
৭	বৈধ উত্তরাধিকারী ঘোষণাপত্র (সংযোজনী-২)	০১ (এক) পাতা
৮	মোটর সাইকেল অগ্রিমের বিমোচনপত্র	০১ (এক) পাতা
৯	গৃহনির্মাণ অগ্রিমের বিমোচনপত্র	০১ (এক) পাতা
১০	চাকরি বহি	০১ (এক) টি

৪। ভবিষ্যতে তার কাছে কোন সরকারী দেনা-পাওনার দাবী উত্থাপিত হলে তিনি বিধি মোতাবেক তা পরিশোধ করতে বাধ্য থাকবেন।

সংযুক্তিঃ বর্ণনামতে

আপনার একান্ত

স্বাক্ষরিত/-

(মোঃ শাহজাহান)

সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)

ফোনঃ ৯৫৭০০৪০

asra@modmr.gov.bd


অঃপঃদ্রঃ/২

স্মারক নং-৫১.০২১.০১৮.০০.০০.০০৭.২০১০-৩৫৬/১(৪)

তারিখঃ ১২-০৮-২০১৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা। ইহা তাঁর ২১-০৭-২০১৫ খ্রিঃ তারিখের ৫১.০১.০০০০.০০৩.১৮.০২১.১০-৬৮৩ নং পত্রের বরাতে।
- ২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
জনাব আব্দুল করিম খান, সহকারী পরিচালক (অবঃ) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর,
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।(বর্তমান ঠিকানাঃ ৪৭, বি, কে দাস রোড, ফরাশগঞ্জ (দোতলা),
সুত্রাপুর, ঢাকা।


(মোঃ শাহজাহান)
সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)